গ্রাম আদালতে ব্যবহৃত এজলাস ও আসবাবপত্রের স্পেসিফিকেশন
(একটি ইউনিয়নের জন্য)

গ্রাম আদালতকে কার্যকরী করার লক্ষ্যে নিম্নবর্ণিত ছকে এজলাস উপকরণসমূহ ইউনিয়ন পরিষদ ভবনে স্থাপন করতে হবে যাতে করে আদালত কক্ষে বিচারিক পরিবেশ তৈরী হয় এবং সাধারণ মানুষ প্রকাশ্যে বিচার প্রক্রিয়া অবলোকন করতে সক্ষম হন।

ক্রমিক	এজলাসের উপকরণ	বিবরণ ও মাপ	সংখ্যা	মন্তব্য
ক	এজলাস প্লাটফরম	প্রতিটি কাঠের প্লাটফরম- দৈর্ঘ্য ১৩ ফুট ঃ প্রস্থ ৬ ফুট ঃ উচ্চতা ১ ফুট প্রতিটি এজলাসে (৪ ইঞ্চি X ৪ ইঞ্চি) ৯টি পায়া/ খুঁটি এবং (৪ ইঞ্চি X ২ ইঞ্চি) ৩ টি বাতা দিয়ে ফ্রেম করে ফ্রেমের উপর (১০ ইঞ্চি X ১.৫ ইঞ্চি) তক্তা দ্বারা ছাউনি দিয়ে পাটাতন হবে। প্লাটফরমের ডান পার্শ্বে (২ ফিট চওড়া X ১ ফিট উচ্চতা) বিশিষ্ট একটি সিঁড়ি থাকবে। সিঁড়ির তক্তা নুন্যতম (৩ ইঞ্চি X ২ ইঞ্চি) হতে হবে।	১	বিবরণ ও মাপ অনুসারে উন্নতমানের কাঠ ও স্টিল (যেখানে যা প্রযোজ্য)ব্যবহার করে এজলাস নির্মাণ ও আসবাবপত্র তৈরী করতে হবে।
খ	এজলাস রেলিং	ক এ বর্ণিত প্লাটফরমের সামনে ও ২ পাশে (এক পাশে ৪ ফুট) ২.৫ ফিট উচ্চতার ১টি ফেন্সিং বেড়া থাকবে। ফেন্সিং/বেড়া এর মাঝে ৬ ইঞ্চি পর পর ২.৫ ইঞ্চি X ২ ইঞ্চি কাঠের বাতা/খুঁটি থাকবে। ফেন্সিং এর উপরে ও নিচে (৪ ইঞ্চি X ৩ ইঞ্চি) কাঠ দিয়ে আটকানো থাকবে।	১	
গ	কাঠগড়া/ সাক্ষ্য মঞ্চ	এজলাসের বাম পার্শ্বে (দৈর্ঘ্য ২.৫ ফিট প্রস্থে ২ ফিট এবং উচ্চতা ৩ ফিট) মাপের ১টি করে কাঠগড়া/সাক্ষ্য মঞ্চ থাকবে। কাঠের মাপ ক ও খ নং ক্রমিকের কাঠের অনুরুপ হবে।	১	
ঘ	এজলাস টেবিল	প্লাটফরমের উপরে (দৈর্ঘ্য ১১ ফিট, প্রস্থে ২.২৫ ফিট ও উচ্চতা ২.৫ ফিট) একটি টেবিল। টেবিলের ৪ ইঞ্চি X ৩ ইঞ্চি ৬টি পায়া থাকবে। (৪ ইঞ্চি X ২ ইঞ্চি) পাসী দিয়ে ফ্রেম করে ফ্রেমের উপর (১ ফিট X ১ ইঞ্চি) তক্তা দিয়ে ছাউনী । পায়ার নিচে (৩ ইঞ্চি X ২ইঞ্চি) কাঠ দিয়ে টানা থাকবে। এছাড়া লম্বালম্বি (৪ইঞ্চি X ২ইঞ্চি) মাপের ১টি ফুটরেষ্ট থাকবে।	১	
ঙ	হাতলওয়ালা কাঠের চেয়ার	দৈর্ঘ্য ২১ ইঞ্চি ঃ প্রস্থ ২০ ইঞ্চি, উচ্চতা ৩ ফুট ৯ ইঞ্চি শুধুমাত্র চেয়ারম্যানের চেয়ারের হেলনার পিছনের দিক ৩ ইঞ্চি বেশী উচু হবে (৩ ইঞ্চি X ১ ইঞ্চি কাঠ দিয়ে)। চেয়ারের পায়া (২ ইঞ্চি X ২ ইঞ্চি) হবে। বাতা (৩ ইঞ্চি X ১ ইঞ্চি) হবে। হাতল ৪ ইঞ্চি X ১ ইঞ্চি, টপ ৩/৪ ইঞ্চি পুরু হবে।	৫ (১ টি চেয়ারম্যানের বিশেষ ও ৪ টি সাধারন)	

ক্রমিক	এজলাসের উপকরণ	বিবরণ ও মাপ	সংখ্যা	মন্তব্য
চ	শপথ বাক্যের প্লেট	১১.৫ ইঞ্চি X ৮.৫ ইঞ্চি সাইজের স্টীল সীটে লিখাসহ শপথ প্লেট (সংযুক্ত শপথের নমুনা পাঠ ও প্লেট অনুযায়ী)।	১	বিবরণ ও মাপ অনুসারে উন্নতমানের কাঠ ও স্টিল (যেখানে যা প্রযোজ্য) ব্যবহার করে এজলাস নির্মাণ ও আসবাবপত্র তৈরী করতে হবে।
ছ	লাল কাপড় (লাল সালু)	এজলাসের ৩ পাশের ফেন্সিং লাল শালু কাপড় দিয়ে আবৃত থাকবে	১	
জ	হাতলওয়ালা কাঠের বেঞ্চ	দৈর্ঘ্য ৭ ফুট, প্রস্থ ১.২৫ ফুট। পায়া ২ ইঞ্চি X ২ ইঞ্চি, হাতল ৪ ইঞ্চি X ১ ইঞ্চি, পাসী ৩ ইঞ্চি X ১ ইঞ্চি, ঘাড়ী ৪ ইঞ্চি X ১ ইঞ্চি, টপ ৩/৪ ইঞ্চি পুরু হবে।	২	
ঝ	কাঠের টেবিল (গ্রাম আদালত সহকারীর জন্য)	দৈর্ঘ্য ৪ ফুট ঃ প্রস্থ ২.৫ ফুট এবং ২ ড্রয়ার সংযুক্ত। টেবিলে ২.৫ ইঞ্চি X ২.৫ ইঞ্চি ৪টি পায়া থাকবে। (৪ ইঞ্চি X ১ ইঞ্চি) পাসী দিয়ে ফ্রেম করে ফ্রেমের উপর (১০ ইঞ্চি X ৩/৪ ইঞ্চি) তক্তা দিয়ে ছাউনী । পায়ার নিচে (৩ ইঞ্চি X ২ইঞ্চি) কাঠ দিয়ে টানা থাকবে। এছাড়া লম্বালম্বি (৩ ইঞ্চি X ২ইঞ্চি) মাপের ১টি ফুটরেষ্ট থাকবে।	১	
ঞ	কাঠের চেয়ার (গ্রাম আদালত সহকারীর জন্য)	দৈর্ঘ্য ২ ফুট ঃ প্রস্থ ১.৬ ফুট: পায়া ২ ইঞ্চি X ২ ইঞ্চি, পাসী ৩ ইঞ্চি X ১ ইঞ্চি, টপ ৩/৪ ইঞ্চি পুরু হবে।	১	
ত	কাঠের র‌্যাক	উচ্চতা ৫.২৫ ফুট, দৈর্ঘ্য ৫ফুট, প্রস্থ ১.২৫ ফুট; ৪ তাকযুক্ত ও পিছনে ভিনিয়ার বোর্ড আবৃত। পায়া ২ ইঞ্চি X ২ ইঞ্চি, পাসী ২ ইঞ্চি X ২ ইঞ্চি, ছাউনী বাটাম ২ ইঞ্চি X ১ ইঞ্চি	১	
থ	স্টীল আলমিরা	উচ্চতা ৬.৫ ফুট X দৈর্ঘ্য ৩.৫ ফুট X প্রস্থ ২ ফুট; ২টি ড্রয়ার ও ৪ টি তাক এবং ২০ গেজি পরিমাপের স্টীল সীট।	১	

গ্রাম আদালতে ব্যবহৃত ফরমস ও রেজিষ্ট্রার সমূহ:

গ্রাম আদালতের মামলা সংক্রান্ত তথ্যসমূহ যথাযথভাবে সংরক্ষণ করার লক্ষ্যে গ্রাম আদালত আইন, ২০০৬ (২০১৩ সালে সংশোধিত) অনুযায়ী নিম্নে উল্লিখিত ফরমস ও রেজিষ্ট্রার সমূহ ক্রয় ও ব্যবহার করতে হবে।

১. মামলার রেজিস্টার [৭ বিধি দ্রষ্টব্য]
২. প্রতিবাদির প্রতি সমন [৯ (১) বিধি দ্রষ্টব্য]
৩. সাক্ষীর প্রতির সমন [৯(২) বিধি দ্রষ্টব্য]
৪. ডিক্রি বা আদেশের ফরম [২০ বিধি দ্রষ্টব্য]
৫. ডিক্রি এবং আদেশের রেজিস্টার [২১ বিধি দ্রষ্টব্য]
৬. ফিস বা জরিমানা রসিদ [২৫(১) বিধি দ্রষ্টব্য]
৭. ফিস বা জরিমানার রেজিস্টার [২৫(২) বিধি দ্রষ্টব্য]
১০. গ্রাম আদালতের ষান্মাষিক রিটার্ণ [৩১-বিধি-দ্রষ্টব্য]
১১. ফৌজদারি আদালতে মামলা হস্তান্তর [৩২ বিধি দ্রষ্টব্য]

আনুসাঙ্গিক ব্যয়ঃ

নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় এবং কার্যকরভাবে গ্রাম আদালত পরিচালনার লক্ষ্যে চলতি অর্থ বছরে নিম্নলিখিত খাতে আনুসাঙ্গিক ব্যয় নির্বাহের জন্য বরাদ্ধকৃত অর্থ ব্যয় করতে হবে।

১. ইউনিয়ন পরিষদের নাম সম্বলিত গ্রাম আদালতের মামলার নথি সংরক্ষণের ফাইল - ১০০টি
২. গ্রাম আদালতের সিল - ২টি {(গ্রাম আদালতের চেয়ারম্যানের সিল - ১টি ও গ্রাম আদালতের গোল সিল - ১টি) সংযুক্ত নমুনা অনুযায়ী সবকিছু অপরিবর্তিত রেখে শুধুমাত্র নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা ও জেলার নাম লিখতে হবে)}
৩. সাদা কাগজ - ৪ রিম
৪. কলম - ২ ডজন (সাধারণ বলপেন)
৫. গ্রাম আদালতের সাইনবোর্ড - ১টি (সংযুক্ত নমুনা অনুযায়ী সবকিছু অপরিবর্তিত রেখে শুধুমাত্র নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা ও জেলার নাম লিখতে হবে)

ব্যয় প্রক্রিয়াঃ

উপরোল্লিখিত খাতে বরাদ্ধকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয় সমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

- বরাদ্ধকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরনসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- বরাদ্ধকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- বরাদ্ধকৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ শে জুন ২০১৫ এর মধ্যে যথাযথ প্রক্রিয়ায় সমর্পণ করতে হবে।

সংযুক্তিঃ

১. এজলাসের নমুনা নকশা
২. সাইনবোর্ডের স্পেসিফিকেশন
৩. সাইনবোর্ডের নমুনা
৪. শপথের নমুনা পাঠ
৫. গ্রাম আদালতে ব্যাবহৃত সিল-এর নমুনা